গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

# THE MUSLIM MARRIAGES AND DIVORCES (REGISTRATION) ACT, 1974

এবং

# মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯


মুদ্রণ ও প্রকাশনা শাখা

[২০১২ সনের মার্চ মাস পর্যন্ত সংশোধিত]

মার্চ, ২০১২

# THE MUSLIM MARRIAGES AND DIVORCES (REGISTRATION) ACT, 1974

## CONTENTS


| NO | Short title | Page |
|---|---|---|
| 1. | Short title and application | 01 |
| 2. | Definitions | 01 |
| 3. | Registration of marriages | 01 |
| 4. | *Nikah* Registrars | 01 |
| 5. | Solemnization of a marriage to be reported and registered | 02 |
| 5a. | Jurisdiction under this Act | 02 |
| 6. | Registration of divorces | 02 |
| 7. | Manner of registration | 03 |
| 8. | Registers | 03 |
| 9. | Copies of entry to be given to parties | 03 |
| 10. | Superintendence and control | 03 |
| 11. | Revocation or suspension of a license | 03 |
| 12. | Custody of registers | 04 |
| 13. | Inspection of registers | 04 |
| 14. | Power to make rules | 04 |
| 15. | Amendment of Muslim Family Laws Ordinance, 1961 (VIII of 1961) | 04 |
| 16. | Repeal | 04 |
| 17. | Provision relating to existing *Nikah* Registrars | 04 |

# THE MUSLIM MARRIAGES AND DIVORCES (REGISTRATION) ACT, 1974

## ACT NO. LII OF 1974

[24th July, 1974]

**An Act to consolidate and amend the law relating to Registration of Muslim marriages and divorces.**

WHEREAS it is expedient to consolidate and amend the law relating to registration of Muslim marriages and divorces ;

It is hereby enacted as follows :–

**Short title and application**

**1.** (1) This Act may be called the Muslim Marriages and Divorces (Registration) Act, 1974.

(2) It applies to all Muslim citizens of Bangladesh wherever they may be.

**Definitions**

**2.** In this Act, unless there is anything repugnant in the subject of context,

(a) "Inspector-General of Registration" and "Registrar" respectively mean the officers so designated and appointed under the Registration Act, 1908 (XVI of 1908) ;

(b) "prescribed" means prescribed by rules made under this Act.

**Registration of marriages**

**3.** Notwithstanding anything contained in any law, custom or usage, every marriage solemnized under Muslim law shall be registered in accordance with the provisions of this Act.

***Nikah* Registrars**

**4.** For the purpose of registration of marriages under this Act, The Government shall grant licences to such number of persons, to be called *Nikah* Registrars, as it may deem necessary for such areas as it may specify :

Provided that not more than one *Nikah* Registrar shall be licensed for any one area [1][:

---

[1] The colon (:) was substituted for the full stop (.) and the proviso was inserted by section 2 of the Muslim Marriages and Divorces (Registration) (Amendment) Ordinance, 1982 (Ordinance No. XLIX of 1982).

Provided further that the Government may, whenever it deems fit so to do, extend, curtail or otherwise alter the limits of any area for which a *Nikah* Registrar has been licensed.]

[1][5. (1) Where a marriage is solemnized by the *Nikah* Registrar himself, he shall register the marriage at once.

**Solemnization of a marriage to be reported and registered**

(2) Where a marriage is solemnized by a person other than the *Nikah* Registrar, the bridegroom of the marriage shall report it to the concerned *Nikah* Registrar within thirty days from the date of such solemnization.

(3) Where solemnization of a marriage is reported to a *Nikah* Registrar under sub-section (2), he shall Register the marrige at once.

(4) A person who contravenes any provision of this section commits an offence and he shall be liable to be punished with simple imprisonment for a term which may extend to two years or with fine which may extend to three thousand taka, or with both.]

[2][5A. Notwithstanding anything contained in the Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898), an offence under this Act shall be triable by a Magistrate of the first class.]

**Jurisdiction under this Act**

6. (1) A *Nikah* Registrar may register a divorce effected under Muslim Law within his jurisdiction on application being made to him for such registration.

**Registration of divorces**

(2) An application for registration of a divorce shall be made orally by the person or persons who has or have effected the divorce :

Provided that if the woman be a *parda-nashin*, such application may be made by her duly authorised *vakil*.

[1]Section 5 was substituted by section 2 of the Muslim Marriages and Divorces (Registration) (Amendment) Act, 2005 (Act No. IX of 2005).

[2]Section 5A was inserted by section 3 of the Muslim Marriages and Divorces (Registration) (Amendment) Act, 2005 (Act No. IX of 2005).

(3) The *Nikah* Registrar shall not register a divorce of the kind known as *Talaq-i-tafweez* except on the production of a document registered under the Registration Act, 1908 (XVI of 1908), by which the husband delegated the power of divorce to the wife or of an attested copy of an entry in the register of marriages showing that such delegation has been made.

(4) Where the *Nikah* Registrar refuses to register a divorce, the person or persons who applied for such registration may, within thirty days of such refusal, prefer an appeal to the Registrar and the order passed by the Registrar on such appeal shall be final.

**Manner of registration**

7. The *Nikah* Registrar shall register a marriage or divorce in such manner as may be prescribed.

**Registers**

8. Every *Nikah* Registrar shall maintain separate registers of marriages and divorces in such forms as may be prescribed and all entries in each such register shall be numbered in a consecutive series, a fresh series being commenced at the beginning of each year.

**Copies of entry to be given to parties**

9. On completion of the registration of any marriage or divorce, the *Nikah* Registrar shall deliver to the parties concerned an attested copy of the entry in the registrar, and for such copy no charge shall be made.

**Superintendence and control**

10. (1) Every *Nikah* Registrar shall perform the duties of his office under the superintendence and control of the Registrar.

(2) The Inspector-General of Registration shall exercise a general superintendence over offices of all *Nikah* Registrars.

**Revocation or suspension of a licence**

11. If the Government is of the opinion that a *Nikah* Registrar is guilty of any misconduct in the discharge of his duties or has become unfit or physically incapable to discharge his duties, it may, by order in writing, revoke his licence, or suspend his licence for such period, not exceeding two years, as may be specified in the order :

Provided that no such order shall be made unless the *Nikah* Registrar has been given a reasonable opportunity of showing cause why that order should not be made.

12. Every *Nikah* Registrar shall keep safely each register maintained by him under section 8 until the same is filled, and shall then or earlier if he leaves the district or ceases to hold a licence, make over the same to the Registrar for safe custody.

**Custody of registers**

13. Any person may, on payment of the prescribed fee, if any, inspect at the office of the *Nikah* Registrar or of the Registrar any register kept in such office of obtain a copy of any entry therein.

**Inspection of registers**

14. (1) The Government may, by notification in the *official Gazette*, make rules to carry into effect the purposes of this Act.

**Power to make rules**

(2) In particular and without prejudice to the generality of the foregoing power, such rules may provide for-

(a) qualifications to be required from persons to whom licences under section 4 may be granted ;

(b) fees payable to a *Nikah* Registrar for registration of a marriage or divorce ;

(c) any other matter for which rules are required to be made.

15. In the Muslim Family Laws Ordinance, 1961 (VIII of 1961),-

**Amendment of Muslim Family Laws Ordinance, 1961 (VIII of 1961)**

(a) in section 3, in sub-section (1), the comma and words", and the registration of Muslim marriages shall take place only in accordance with those provisions" shall be *omitted;*

(b) section 5 shall be *omitted* ;

(c) in section 6, in sub-section (1), for the words "under this Ordinance" the words, comma, figures and brackets "under the Muslim Marriages and Divoces (Registration) Act, 1974 (LII of 1974)" shall be *substiuted.*

16. The Muslim Divorces Registration Act, 1876 (Ben. Act I of 1876), is hereby repealed.

**Repeal**

17. All *Nikah* Registrars licensed under the Muslim Family Laws Ordinance, 1961 (VIII of 1961), before the commencement of this Act, shall be deemed to have been licensed as *Nikah* Registrars under this Act.

**Provision relating to existing *Nikah* Registrars**

# মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯

## সূচীপত্র


| ক্রমিক নং | শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ১। | সংক্ষিপ্ত শিরোনাম ... ... ... | ৫ |
| ২। | সংজ্ঞা ... ... ... | ৫ |
| ৩। | সিটি কর্পোরেশন এলাকায় নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স মঞ্জুরীর জন্য উপদেষ্টা কমিটি | ৫ |
| ৪। | সিটি কর্পোরেশন বহির্ভূত এলাকায় নিকা , রেজিস্ট্রার লাইসেন্স মঞ্জুরীর জন্য উপদেষ্টা কমিটি | ৬ |
| ৪ক। | পার্বত্য জেলায় নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স মঞ্জুরীর জন্য বিধান ... | ৬ |
| ৫। | উপদেষ্টা কমিটির দায়িত্ব ও কার্যাবলী ... ... | ৭ |
| ৬। | নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স প্রদান পদ্ধতি, ইত্যাদি ... ... | ৭ |
| ৭। | বাৎসরিক ফি ... ... ... | ৯ |
| ৮। | প্রার্থীদের যোগ্যতা, ইত্যাদি ... ... ... | ১০ |
| ৯। | নিকাহ্ রেজিস্ট্রারের লাইসেন্সের জন্য দরখাস্ত ... ... | ১০ |
| ১০। | লাইসেন্স ফরম ... ... ... | ১০ |
| ১১। | লাইসেন্স বাতিল বা স্থগিতকরণ ... ... ... | ১০ |
| ১২। | বয়স পূর্তিতে লাইসেন্সের অবসান ... ... | ১১ |
| ১৩। | অধিক্ষেত্র ... ... ... | ১১ |
| ১৪। | কার্যালয় ... ... ... | ১১ |
| ১৫। | নিকাহ্ রেজিস্ট্রারের দায়িত্ব পালন হইতে অব্যাহতি গ্রহণ ... | ১১ |
| ১৬। | দায়িত্ব হস্তান্তর ... ... ... | ১১ |
| ১৭। | নিকাহ্ রেজিস্ট্রারের দায়িত্ব পালনে বিরত থাকা ... ... | ১২ |
| ১৮। | যোগদান প্রতিবেদন দাখিল ... ... ... | ১৩ |
| ১৯। | নিকাহ্ রেজিস্ট্রারের দায়িত্ব পালন সরকারী চাকরি নহে ... | ১৩ |
| ২০। | চাকরি গ্রহণের ক্ষেত্রে বাধা-নিষেধ ... ... | ১৩ |

| ক্রমিক নং | শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ২১। | নিকাহ্ ও তালাক নিবন্ধন ফি, ইত্যাদি ... ... | ১৩ |
| ২২। | নিকাহ্ রেজিস্ট্রি-পূর্ব কার্যক্রম ... ... ... | ১৫ |
| ২৩। | তালাক রেজিস্ট্রি-পূর্ব কার্যক্রম ... ... ... | ১৫ |
| ২৩ক। | নিকাহ্ রেজিস্ট্রি কার্যক্রমের পূর্বে জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন সনদ, ইত্যাদি পরীক্ষাকরণ ... | ১৫ |
| ২৪। | বিবাহ নিবন্ধন প্রত্যাখ্যানের বিরুদ্ধে আপীল ... | ১৬ |
| ২৫। | নিবন্ধনের স্থান ... ... | ১৬ |
| ২৬। | বিবাহে উপস্থিতি লিপিবদ্ধকরণ ... | ১৬ |
| ২৭। | নিকাহ্ রেজিস্ট্রার কর্তৃক রেজিস্ট্রার সংরক্ষণ ... | ১৬ |
| ২৮। | রেজিস্ট্রারের ভুক্তিসমূহ বাতিলকরণ ... ... | ১৬ |
| ২৯। | সূচিবহি (Indexbook) ... ... ... | ১৭ |
| ৩০। | ক্যাটালগ ... ... ... | ১৭ |
| ৩১। | রেজিস্ট্রার, ইত্যাদি প্রাপ্তি ... ... ... | ১৭ |
| ৩২। | সীল, রেজিস্ট্রার, ইত্যাদির হেফাজত ... ... | ১৭ |
| ৩৩। | অব্যবহৃত ফরম ও রেজিস্ট্রার, ইত্যাদি ... ... | ১৭ |
| ৩৪। | রেজিস্ট্রারের সমাপ্তির সার্টিফিকেট ... ... | ১৭ |
| ৩৫। | রেজিস্ট্রার, ইত্যাদির সংরক্ষণ ... ... | ১৮ |
| ৩৬। | নিকাহ্ রেজিস্ট্রার কল্যাণ সমিতি ... ... | ১৮ |
| ৩৭। | নিকাহ্ রেজিস্ট্রারগণের প্রশিক্ষণ ... ... | ১৮ |
| ৩৮। | নিকাহ্ ও তালাকের উপাত্ত সংগ্রহ ... ... | ১৮ |
| ৩৯। | পরিদর্শন ও নিয়ন্ত্রণ ... ... ... | ১৮ |
| ৪০। | অসুবিধা দূরীকরণ ... ... | ১৮ |
| ৪১। | রহিতকরণ ও হেফাজত ... ... | ১৮ |
| ৪২। | তফসিল ... | ১৯ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৬ শ্রাবণ ১৪১৬ বঙ্গাব্দ/১০ আগস্ট ২০০৯ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২০১-আইন/২০০৯।—Muslim Marriages and Divorces (Registration) Act, 1974 (Act No. LII of 1974) এর section 14 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**।—এই বিধিমালা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালায়, ২০০৯ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(১) **"আইন"** অর্থ Muslim Marriages and Divorces (Registration) Act, 1974 (Act No. LII of 1974) ;

(২) **"উপদেষ্টা"** অর্থ উপদেষ্টা কমিটির উপদেষ্টা ;

(৩) **"উপদেষ্টা কমিটি"** অর্থ বিধি ৩ এবং ৪ এর অধীন গঠিত উপদেষ্টা কমিটি ;

[১][(৩ক) **"পার্বত্য জেলা"** অর্থ রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান জেলাসমূহ ;]

(৪) **"তফসিল"** অর্থ এই বিধিমালার তফসিল ;

(৫) **"ফরম"** অর্থ এই বিধিমালার তফসিলে সংযোজিত কোন ফরম ; এবং

(৬) **"সদস্য"** অর্থ উপদেষ্টা কমিটির কোন সদস্য।

৩। **সিটি কর্পোরেশন এলাকায় নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স মঞ্জুরীর জন্য উপদেষ্টা কমিটি**।—[২][(১)] সিটি কর্পোরেশন এলাকাধীন যে সংসদ-সদস্যের নির্বাচনী এলাকায় নিকাহ্ রেজিস্ট্রারের লাইসেন্স মঞ্জুর করা হইবে, তাহাকে উপদেষ্টা করিয়া নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি উপদেষ্টা কমিটি গঠিত হইবে, যথা ঃ—

(ক) সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন যে জেলায় অবস্থিত সে জেলার ডেপুটি কমিশনার বা তৎকর্তৃক মনোনীত একজন অতিরিক্ত ডেপুটি কমিশনার ;

(খ) সংশ্লিষ্ট জেলার জেলা রেজিস্ট্রার, পদাধিকারবলে, যিনি উক্ত কমিটির সদস্য সচিবও হইবেন ; এবং

(গ) সিটি কর্পোরেশনের যে ওয়ার্ডের জন্য লাইসেন্স মঞ্জুর করা হইবে সে ওয়ার্ডের কমিশনার বা কাউন্সিলর।

---

[১]এস,আর, ও নং ৮৪-আইন/২০১১, তারিখ ঃ ১০ এপ্রিল, ২০১১ দ্বারা "দফা (৩ক)" সংযোজিত।

[২]এস, আর ও নং ৮৪-আইন/২০১১, তারিখ ঃ ১০ এপ্রিল, ২০১১ দ্বারা "উপ-বিধি (১) হিসেবে সংখ্যায়িত"।

[1](২) সংশ্লিষ্ট উপদেষ্টা উক্ত কমিটির সভায় সভাপতিত্ব করিবেন, তবে তাঁহার অনুপস্থিতিতে, সংশ্লিষ্ট উপদেষ্টার পূর্বানুমোদনক্রমে, সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার বা তৎকর্তৃক মনোনীত একজন অতিরিক্ত ডেপুটি কমিশনার সভায় সভাপতিত্ব করিবেন।]

৪। **সিটি কর্পোরেশন বহির্ভূত এলাকায় নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স মঞ্জুরীর জন্য উপদেষ্টা কমিটি**–[2](১)] সিটি কর্পোরেশন বহির্ভূত এলাকাধীন যে সংসদ সদস্যের নির্বাচনী এলাকায় নিকাহ্ রেজিস্ট্রারের লাইসেন্স মঞ্জুর করা হইবে, তাহাকে উপদেষ্টা করিয়া নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি উপদেষ্টা কমিটি গঠিত হইবে, যথা :–

(ক) সংশ্লিষ্ট উপজেলার উপজেলা চেয়ারম্যান ;

(খ) সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা ;

(গ) সংশ্লিষ্ট উপজেলার সাব-রেজিস্ট্রার, পদাধিকারবলে, যিনি উক্ত কমিটির সদস্য সচিবও হইবেন ; এবং

(ঘ) যে ইউনিয়ন পরিষদ অথবা পৌরসভার ওয়ার্ডের জন্য লাইসেন্স মঞ্জুর করা হইবে সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা পৌরসভার চেয়ারম্যান বা কাউন্সিলর।

[2](২) সংশ্লিষ্ট উপদেষ্টা উক্ত কমিটির সভায় সভাপতিত্ব করিবেন, তবে তাঁহার অনুপস্থিতিতে, সংশ্লিষ্ট উপদেষ্টার পূর্বানুমোদনক্রমে, সংশ্লিষ্ট উপজেলা চেয়ারম্যান সভায় সভাপতিত্ব করিবেন।

(৩) যদি কোন উপজেলা এলাকায় কোন সাব-রেজিস্ট্রার এর কার্যালয় না থাকে, তাহা হইলে উক্ত উপজেলা এলাকা যে সাব-রেজিস্ট্রার কার্যালয়ের আওতাধীন সেই এলাকার সাব-রেজিস্ট্রার উপ-বিধি (১)(গ) এর অধীন উক্ত কমিটির সদস্য সচিব হইবেন।

(৪) যদি কোন উপজেলা এলাকায় একাধিক সাব-রেজিস্ট্রার এর কার্যালয় থাকে এবং উক্ত কার্যালয়সমূহে একাধিক সাব-রেজিস্ট্রার কর্মরত থাকেন, তাহা হইলে জেলা রেজিস্ট্রার কর্তৃক মনোনীত সাব-রেজিস্ট্রার উক্ত কমিটির সদস্য সচিব হইবেন।]

[3]৪ক। **পার্বত্য জেলায় নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স মঞ্জুরীর জন্য বিধান**।–(১) এই বিধিমালার অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, পার্বত্য জেলায় জেলা রেজিস্ট্রার ও সাব-রেজিস্ট্রার নিয়োগ না হওয়া পর্যন্ত, পার্বত্য জেলার কোন উপজেলাধীন এলাকার ইউনিয়ন পরিষদ অথবা পৌরসভার ওয়ার্ডের লাইসেন্স মঞ্জুর করিবার উদ্দেশ্যে, সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা, প্রাপ্ত দরখাস্ত পর্যালোচনাপূর্বক, স্থানীয় সংসদ-সদস্যের সুপারিশ গ্রহণক্রমে, তিন জন প্রার্থীর একটি প্যানেল প্রস্তুত করিয়া, সরকারের নিকট প্রেরণ করিবে।

---

[1]এস, আর ও নং ৮৪-আইন/২০১১, তারিখ : ১০ এপ্রিল, ২০১১ দ্বারা "উপ-বিধি (২)" সংযোজিত।

[2]এস, আর ও নং ৮৪-আইন/২০১১, তারিখ : ১০ এপ্রিল, ২০১১ দ্বারা "উপ-বিধি (১) হিসেবে সংখ্যায়িত" এবং "উপ-বিধি (২), (৩) ও (৪)" সংযোজিত।

[3]এস, আর ও নং ৮৪-আইন/২০১১, তারিখ : ১০ এপ্রিল, ২০১১ দ্বারা "উপ-বিধি (৪ক)" সন্নিবেশিত।

(২) উপ-বিধি (১) এর অধীন প্যানেল প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা বিধি ৬ এর বিধানাবলী, প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে (Mutatis Mutandis), অনুসরণ করিবে।

(৩) পার্বত্য জেলা এলাকায় এই বিধিমালার বিধানাবলী প্রয়োগের ক্ষেত্রে, এই বিধিমালাতে প্রদত্ত জেলা রেজিস্ট্রার বা, ক্ষেত্রমত, সাব-রেজিস্ট্রার এর দায়িত্ব সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা পালন করিবেন এবং উক্ত ক্ষেত্রে এই বিধিমালার বিধানাবলী, প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে (Mutatis Mutandis), প্রযোজ্য হইবে।]

৫। **উপদেষ্টা কমিটির দায়িত্ব ও কার্যাবলী**।—উপদেষ্টা কমিটির দায়িত্ব ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) এই বিধিমালার অধীন সরকার কর্তৃক নিকাহ্ রেজিস্ট্রারের লাইসেন্স মঞ্জুর করিবার উদ্দেশ্যে, প্রাপ্ত দরখাস্ত পর্যালোচনাপূর্বক তিনজন প্রার্থীর একটি প্যানেল প্রস্তুত করিয়া উহা সরকারের নিকট প্রেরণ ; এবং

(খ) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, অন্য যে কোন কার্য সম্পাদন ও, প্রয়োজনে, সরকারকে পরামর্শ প্রদান।

৬। **নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স প্রদান পদ্ধতি, ইত্যাদি**।—(১) কোন সিটি কর্পোরেশন, পৌরসভা বা ইউনিয়ন পরিষদ এলাকার কোন নিকাহ্ রেজিস্ট্রারের মৃত্যুজনিত কারণে লাইসেন্সের কার্যকরতার অবসান ঘটিলে সংশ্লিষ্ট এলাকার চেয়ারম্যান, কমিশনার বা কাউন্সিলর লাইসেন্সের কার্যকরতার অবসান হইবার, এবং অন্য কোন কারণে লাইসেন্সের কার্যকরতার অবসান ঘটিলে বা নিকাহ্ রেজিস্ট্রারের নতুন কোন অধিক্ষেত্র সৃষ্টি হইলে সরকার, উক্ত লাইসেন্সের কার্যকরতার অবসান বা নিকাহ্ রেজিস্ট্রারের নতুন কোন অধিক্ষেত্র সৃষ্টি হইবার, তারিখ হইতে পরবর্তী এক সপ্তাহের মধ্যে, সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার বা সাব- রেজিস্ট্রারকে অবহিত করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কোন নিকাহ্ রেজিস্ট্রারের লাইসেন্সের কার্যকরতার অবসান বা নিকাহ্ রেজিস্ট্রারের নূতন কোন অধিক্ষেত্র সৃষ্টি হইবার তথ্য অবহিত হইবার তারিখ হইতে পরবর্তী দুই সপ্তাহের মধ্যে সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার বা সাব-রেজিস্ট্রার, নিকাহ্ রেজিস্ট্রারের লাইসেন্স প্রদানের উদ্দেশ্যে, পনের দিনের সময় প্রদান করিয়া, আগ্রহী প্রার্থীর দরখাস্ত আহ্বান করিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন দরখাস্ত আহ্বানের নোটিশ উপদেষ্টাসহ উপদেষ্টা কমিটির সকল সদস্যের দপ্তরের নোটিশ বোর্ডে অথবা দৃষ্টিগ্রাহ্য অন্য কোন স্থানে বিজ্ঞপ্তি সাঁটিয়া উহা জারী করিতে হইবে এবং কোন উপদেষ্টা বা সদস্যের নিজস্ব দপ্তর না থাকিলে, উক্ত সদস্যকে বিজ্ঞপ্তির একটি কপি প্রদান করিতে হইবে।

(৪) উপ-বিধি (২) এর অধীন দরখাস্ত আহবানের প্রেক্ষিতে, সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার বা সাব-রেজিস্ট্রার কর্তৃক গৃহীত সকল দরখাস্ত উপদেষ্টা কমিটির বিবেচনার জন্য উপস্থাপন করিতে হইবে এবং উক্তরূপে উপস্থাপনকৃত দরখাস্ত বিবেচনাক্রমে উপদেষ্টা কমিটি বিধি ৯ এর অধীন দরখাস্ত প্রাপ্তির পরবর্তী পনের দিনের মধ্যে নিকাহ্ রেজিস্ট্রারের লাইসেন্স প্রদানের উদ্দেশ্যে, প্রার্থী বাছাই সম্পন্ন করিবে।

(৫) উপদেষ্টা কমিটি প্রতিটি লাইসেন্সের বিপরীতে তিনজন প্রার্থী বাছাই করিবে এবং সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার বা সাব-রেজিস্ট্রার উপ-বিধি (৪) এর অধীন বাছাই সম্পন্নের পরবর্তী সাত দিনের মধ্যে সকল দরখাস্ত এবং প্রয়োজনীয় দলিলাদিসহ তিনজন প্রার্থীর প্যানেল সরকারের নিকট প্রেরণ করিবে।

(৬) উপ-বিধি (৫) এর অধীন প্রেরিত প্যানেল প্রাপ্তির অনধিক ত্রিশ দিনের মধ্যে সরকার প্যানেলভুক্ত যে কোন একজন প্রার্থীর অনুকূলে লাইসেন্স মঞ্জুরের সিদ্ধান্ত গ্রহণ করিবে এবং উক্ত সিদ্ধান্ত সংশ্লিষ্ট প্রার্থীকে অবিলম্বে অবহিত করিতে হইবে।

(৭) উপ-বিধি (৬) এর অধীন সরকারী সিদ্ধান্ত অবহিত হইবার পর সংশ্লিষ্ট প্রার্থী উপ-বিধি (৮) এ নির্ধারিত ফি কোন সরকারী ট্রেজারী বা সাব-ট্রেজারীতে "কোড নং-১-২১৬১-০০০০-১৮৫৪, লাইসেন্স ফি"-খাতে জমা প্রদান করিয়া জমাদানের চালানের মূল কপি সরকারের নিকট দাখিল করিবে।

(৮) নিকাহ্ রেজিস্ট্রারের লাইসেন্স প্রাপ্তির জন্য প্রার্থীকে নিম্নবর্ণিত হারে লাইসেন্স ফি পরিশোধ করিতে হইবে, যথা ঃ—

(ক) সিটি কর্পোরেশন এলাকার ক্ষেত্রে ১০,০০০/- (দশ হাজার) টাকা ;

(খ) সিটি কর্পোরেশন বহির্ভূত এলাকার ক্ষেত্রে—

(অ) জেলা সদরে অবস্থিত পৌরসভা এলাকার ক্ষেত্রে ২০০০/-(দুই হাজার) টাকা ;

(আ) জেলা সদরের বাহিরে অবস্থিত পৌরসভা এলাকার ক্ষেত্রে ৭০০/-(সাতশত) টাকা ;

(ই) ইউনিয়ন পরিষদ এলাকার ক্ষেত্রে ৫০০/-(পাঁচশত) টাকা।

(৯) উপ-বিধি (৭) এর অধীন লাইসেন্স ফি জমাদানের চালানের কপি প্রাপ্তির পর ফরম 'খ' তে নিকাহ্ রেজিস্ট্রারের লাইসেন্স প্রদানপূর্বক উহা সরকারী গেজেটে প্রকাশ করিতে হইবে।

(১০) কোন নিকাহ্ রেজিস্ট্রারের লাইসেন্সের কার্যকরতা অবসান ঘটিলে অথবা নিকাহ্ রেজিস্ট্রারের নূতন কোন অধিক্ষেত্র সৃষ্টি হইলে, সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার বা [1], ক্ষেত্রমত, জেলা রেজিস্ট্রারের পূর্বানুমোদন ক্রমে সাব-রেজিস্ট্রার], উক্ত নিকাহ্ রেজিস্ট্রারের অধিক্ষেত্র যে ওয়ার্ডের সহিত সংশ্লিষ্ট উহার সংলগ্ন (সন্নিকটবর্তী) ওয়ার্ডের নিকাহ্ রেজিস্ট্রারকে, উক্ত নিকাহ্ রেজিস্ট্রারের (নিকাহ্ রেজিস্ট্রারের লাইসেন্সের কার্যকরতার অবসান অথবা নূতন কোন অধিক্ষেত্র সৃষ্টির ক্ষেত্রে) দায়িত্ব, অনধিক একশত বিশ দিনের জন্য, অতিরিক্ত দায়িত্ব প্রদান করিতে পারিবে :

তবে শর্ত থাকে যে, এই বিধিমালার অধীন নতুন নিকাহ্ রেজিস্ট্রারের (নিকাহ রেজিস্ট্রারের লাইসেন্সের কার্যকরতার অবসান অথবা নূতন কোন অধিক্ষেত্র সৃষ্টির ক্ষেত্রে) লাইসেন্স প্রদানের সঙ্গে সঙ্গে উক্ত অতিরিক্ত দায়িত্ব পালনকারী নিকাহ্ রেজিস্ট্রারকে অবহিত করিতে হইবে এবং এইরূপ অবহিত করিবার সময় হইতে স্বয়ংক্রিয়ভাবে নিকাহ্ রেজিস্ট্রারের উক্ত অতিরিক্ত দায়িত্বের সমাপ্তি ঘটিবে এবং উহার কোন আইনগত বৈধতা থাকিবে না।

(১১) এই বিধির বিধান অনুসারে কোন নিকাহ্ রেজিস্ট্রারের লাইসেন্সের কার্যকরতার অবসান বা নিকাহ্ রেজিস্ট্রারের নূতন কোন অধিক্ষেত্র সৃষ্টি হইলে, সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার বা সাব-রেজিস্ট্রার তৎসম্পর্কে জ্ঞাত হইবার পর উক্ত লাইসেন্স প্রদানের জন্য ব্যবস্থা গ্রহণ না করিলে উহা সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার বা সাব-রেজিস্ট্রার এর অদক্ষতা ও অসদাচরণ বলিয়া বিবেচিত হইবে এবং এই অদক্ষতা ও অসদাচরণ তাহার বার্ষিক গোপনীয় প্রতিবেদনে লিপিবদ্ধ করা হইবে এবং উপযুক্ত ক্ষেত্রে চাকুরি বিধিমালা অনুযায়ী তাহার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

৭। বাৎসরিক ফি।–(১) এই বিধিমালার অধীন লাইসেন্সপ্রাপ্ত প্রত্যেক নিকাহ্ রেজিস্ট্রারকে প্রতি বৎসরের ৩১ মার্চ এর মধ্যে নিম্নবর্ণিত হারে কোন সরকারী ট্রেজারী বা সাব-ট্রেজারীতে "কোড নং-১-২১৬১-০০০০-১৮৫৪, বাৎসরিক ফি"–খাতে বাৎসরিক ফি জমা প্রদান করিয়া উহার মূল কপি সরকারের নিকট দাখিল করিবে, যথা :–

(ক) সিটি কর্পোরেশন এলাকার ক্ষেত্রে ৫০০০/-(পাঁচ হাজার) টাকা ;

(খ) জেলা সদরে অবস্থিত পৌরসভা এলাকার ক্ষেত্রে ১০০০/-(এক হাজার) টাকা ;

(গ) জেলা সদরে বাহিরে অবস্থিত পৌরসভা এলাকার ক্ষেত্রে ৫০০/-(পাঁচশত) টাকা ; এবং

(ঘ) ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে ১০০-(একশত) টাকা।

(২) উপ-বিধি (১)-এর বিধান অনুসারে কোন নিকাহ্ রেজিস্ট্রারের বাৎসরিক ফি জমা প্রদান না করিলে উহা এই বিধিমালার লংঘন হিসাবে গণ্য হইবে।

---

[1]এস, আর ও নং ৮৪-আইন/২০১১, তারিখ : ১০ এপ্রিল, ২০১১ দ্বারা ", ক্ষেত্রমত, জেলা রেজিস্ট্রারের পূর্বানুমোদনক্রমে সাব-রেজিস্ট্রার" শব্দগুলি " সাব-রেজিস্ট্রার" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

৮। **প্রার্থীদের যোগ্যতা, ইত্যাদি**।–কোন ব্যক্তি নিকাহ্ রেজিস্ট্রারের লাইসেন্স পাইবার যোগ্য হইবেন না, যদি না–

(ক) তিনি সরকার কর্তৃক স্বীকৃত [১][বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা] কর্তৃক নিবন্ধিত কোন মাদ্রাসা হইতে আলীম সার্টিফিকেটধারী না হন ;

(খ) তাহার বয়স কমপক্ষে একুশ এবং অনূর্ধ্ব [১][পঁয়তাল্লিশ] বৎসর না হয় ;

(গ) তিনি সংশ্লিষ্ট এলাকার বাসিন্দা না হন।

৯। **নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্সের জন্য দরখাস্ত**।–নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্সের জন্য প্রতিটি দরখাস্ত, নিম্নবর্ণিত কাগজপত্রসহ, ফরম 'ক' তে সংশ্লিষ্ট উপদেষ্টা কমিটির সদস্য সচিবের নিকট দাখিল করিতে হইবে, যথাঃ–

(ক) তিন কপি পাসপোর্ট সাইজের ছবি ;

(খ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি ; এবং

(গ) জাতীয় পরিচয়পত্র বা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভা বা সিটি কর্পোরেশন এর কাউন্সিলর বা কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ।

১০। **লাইসেন্স ফরম**।–নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স ফরম 'খ' তে প্রদান করিতে হইবে।

১১। **লাইসেন্স বাতিল বা স্থগিতকরণ**।–(১) এই বিধিমালার অধীন প্রদানকৃত লাইসেন্স অসদাচরণের জন্য অথবা আইনের ধারা ১১ তে বর্ণিত যে কোন কারণে বাতিল বা স্থগিত করা যাইবে।

ব্যাখ্যা।–"অসদাচরণ" বলিতে আইন বা বিধিমালার যে কোন বিধান লংঘন, একাধিক এলাকার নিকাহ্ রেজিস্ট্রার হওয়া বা যে কোন ধরনের তথ্যের মিথ্যা বর্ণনা নৈতিক স্খলনকে বুঝাইবে।

(২) এই বিধিমালার অধীন প্রদানকৃত লাইসেন্স বাতিল বা স্থগিত করিবার ক্ষেত্রে, সরকার কর্তৃক সংশ্লিষ্ট নিকাহ্ রেজিস্ট্রারকে, কেন তাহার বিরুদ্ধে প্রস্তাবিত ব্যবস্থা গ্রহণ করা হইবে না, তন্মর্মে লিখিতভাবে কারণ দর্শাইবার জন্য পনের দিনের সময় প্রদানপূর্বক নোটিশ প্রদান করিতে হইবে এবং উক্ত নোটিশে সংশ্লিষ্ট নিকাহ্ রেজিস্ট্রারের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের উল্লেখ থাকিতে হইবে।

(৩) কোন নোটিশ সংশ্লিষ্ট নিকাহ্ রেজিস্ট্রারের সর্বশেষ জ্ঞাত ঠিকানায় রেজিস্ট্রী ডাকযোগে প্রেরিত হইলে, তাহাকে নোটিশ পাঠানো হইয়াছে বলিয়া গণ্য হইবে।

---

[১]এস, আর, ও নং ৮৪-আইন/২০১১, তারিখঃ ১০ এপ্রিল, ২০১১ দ্বারা "বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা ও পঁয়তাল্লিশ" যথাক্রমে শব্দগুলি "কোন বিশ্ববিদ্যালয় বা মাদ্রাসা বোর্ড" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

(৪) উপ-বিধি (২) এর অধীন জারীকৃত নোটিশে উল্লিখিত সময়-সীমার মধ্যে কোনরূপ কারণ দর্শানো না হইলে অথবা কোন কারণ দর্শানোর প্রেক্ষিতে কোন আপত্তি বা জবাব দাখিল করা হইলে, সরকার উহা পরীক্ষা-নিরীক্ষার পর, যেরূপ উপযুক্ত মনে করিবে সেরূপ আদেশ প্রদান করিতে পারিবে এবং উক্ত আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১২। **বয়স পূর্তিতে লাইসেন্সের অবসান।**—এই বিধিমালার অধীন কোন কোন লাইসেন্স পূর্বেই বাতিলকৃত না হইলে, নিকাহ্ রেজিস্ট্রারের লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তির বয়স ৬৫ (পঁয়ষট্টি) বৎসর পূর্ণ হওয়ার তারিখে স্বয়ংক্রিয়ভাবে উক্ত লাইসেন্সের কার্যকরতার অবসান ঘটিবে।

১৩। **অধিক্ষেত্র।**—এই বিধিমালার অধীন প্রদত্ত নিকাহ্ রেজিস্ট্রারের লাইসেন্সে যাহা কিছুই থাকুক না কেন, একজন নিকাহ্ রেজিস্ট্রারকে নিম্নবর্ণিত এলাকার জন্য লাইসেন্স প্রদান করা যাইবে, যথাঃ—

(ক) সিটি কর্পোরেশনের ক্ষেত্রে, একটি ওয়ার্ড ;

(খ) 'ক' শ্রেণীর পৌরসভার ক্ষেত্রে, দুইটি ওয়ার্ড ;

(গ) 'খ' শ্রেণীর পৌরসভার ক্ষেত্রে, তিনটি ওয়ার্ড ;

(ঘ) 'গ' শ্রেণীর পৌরসভার ক্ষেত্রে সমগ্র এলাকা ;

(ঙ) ইউনিয়ন পরিষদ এলাকার ক্ষেত্রে একটি ইউনিয়ন।

১৪। **কার্যালয়।**—নিকাহ্ রেজিস্ট্রারের কার্যালয় তাহার এলাকাধীন কোন উপযুক্ত স্থানে স্থাপন করিতে হইবে।

১৫। **নিকাহ্ রেজিস্ট্রারের দায়িত্ব পালন হইতে অব্যাহতি গ্রহণ।**—কোন নিকাহ্ রেজিস্ট্রার, একমাসের নোটিশ প্রদানপূর্বক সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে, নিকাহ্ রেজিস্ট্রারের লাইসেন্সধারী হিসাবে দায়িত্ব পালন হইতে অব্যাহতি গ্রহণ করিতে পারিবে, তবে উক্ত পত্রের একটি অনুলিপি সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার বা, ক্ষেত্রমত, সাব্-রেজিস্ট্রারের নিকট অবশ্যই প্রেরণ করিতে হইবে।

১৬। **দায়িত্ব হস্তান্তর।**—কোন নিকাহ্ রেজিস্ট্রার অন্য কোন নিকাহ্ রেজিস্ট্রারের নিকট দায়িত্ব বুঝাইয়া দেওয়ার সময় অথবা তাহার পূর্বসূরীর নিকট হইতে দায়িত্ব গ্রহণের সময় উক্ত তারিখে উভয়ে রেকর্ডপত্রের নিরাপত্তা ও যথার্থতা সম্পর্কে যৌথভাবে প্রত্যয়নপত্র প্রস্তুত করিয়া সংশ্লিষ্ট রেজিস্ট্রার বা সাব-রেজিস্ট্রারের নিকট প্রদান করিবেন এবং উক্ত প্রত্যয়নপত্রের কপি সংশ্লিষ্ট রেজিস্ট্রার বা সাব-রেজিস্ট্রার কর্তৃক সরকারের নিকট প্রেরণ করিতে হইবে।

১৭। নিকাহ্ রেজিস্ট্রারের দায়িত্ব পালনে বিরত থাকা।– [১][(১) কোন নিকাহ্ রেজিস্ট্রার স্বাস্থ্যগত, ধর্মীয়, পারিবারিক বা অন্য কোন কারণে সাময়িক সময়ের জন্য নিকাহ্ রেজিস্ট্রারের দায়িত্ব পালন হইতে বিরত থাকিবার জন্য উপ-বিধি (৩) এর বিধান অনুযায়ী আবেদন করিলে সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার সন্তুষ্ট হইলে তাহাকে অনধিক ২ (দুই) মাস পর্যন্ত দায়িত্ব পালন হইতে বিরত থাকিবার অনুমতি প্রদান করিতে পারিবে।

(১ক) উপ-বিধি (১) এর অধীন সিটি কর্পোরেশন এলাকা বহির্ভূত কোন এলাকার কোন নিকাহ্ রেজিস্ট্রারকে দায়িত্ব পালন হইতে বিরত থাকিবার অনুমতি প্রদান করা হইলে যে নিকাহ্ রেজিস্ট্রারকে উক্তরূপ অনুমতি প্রদান করা হইয়াছে সেই নিকাহ্ রেজিস্ট্রার উহা, লিখিতভাবে, অনতিবিলম্বে, সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রারকে অবহিত করিবেন।]

(২) কোন নিকাহ্ রেজিস্ট্রারকে দুই মাসের অধিক সময় দায়িত্ব পালন হইতে বিরত থাকিবার অনুমতি প্রদান করিবার প্রয়োজন দেখা দিলে অথবা উপ-বিধি (১) উল্লিখিত মঞ্জুরীকৃত সময় দুই মাসের অতিরিক্ত বর্ধিত করিবার প্রয়োজন হইলে, সরকারের অনুমতি গ্রহণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোন নিকাহ্ রেজিস্ট্রার একাদিক্রমে ছয় মাসের অধিক দায়িত্ব পালন হইতে বিরত থাকিতে পারিবে না।

[২][(৩) নিকাহ্ রেজিস্ট্রারগণ, যে তারিখ হইতে দায়িত্ব পালন হইতে বিরত থাকিতে ইচ্ছুক, উক্ত তারিখের এক সপ্তাহ পূর্বে উপযুক্ত কারণ উল্লেখপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রারের নিকট দরখাস্ত পেশ করিবেন।]

(৪) এই বিধির অধীন দায়িত্ব পালন হইতে বিরত থাকিবার কারণে নিকাহ্ রেজিস্ট্রারের অনুপস্থিতিকালে, সংশ্লিষ্ট রেজিস্ট্রার [৩][* * *], ক্ষেত্রমত, সংলগ্ন (সন্নিকটবর্তী) কোন ওয়ার্ড, পৌরসভা বা ইউনিয়নের কোন নিকাহ্ রেজিস্ট্রারকে উক্ত এলাকার জন্য অতিরিক্ত দায়িত্ব প্রদান করিতে পারিবে।

[৪][(৪ক) উপ-বিধি (৪) এর অধীন অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হইলে অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট নিকাহ্ রেজিস্ট্রার যদি সিটি কর্পোরেশন এলাকা বহির্ভূত এলাকার কোন নিকাহ্ রেজিস্ট্রার হন, তাহা হইলে তিনি উহা অনতিবিলম্বে, লিখিতভাবে, সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রারকে অবহিত করিবে।]

---

[১]এস, আর ও নং ৮৪-আইন/২০১১, তারিখ: ১০ এপ্রিল, ২০১১ দ্বারা "উপ-বিধি (১) এবং (১ক)" "উপ-বিধি (১)" এর পরিবর্তে প্রতিস্থাপিত।

[২]এস, আর, ও নং ৮৪-আইন/২০১১, তারিখ: ১০ এপ্রিল, ২০১১ দ্বারা প্রতিস্থাপিত।

[৩]এস, আর ও নং ৮৪-আইন/২০১১, তারিখ: ১০ এপ্রিল, ২০১১ দ্বারা "বা সাব-রেজিস্ট্রার" শব্দগুলি বিলুপ্ত।

[৪]এস, আর, ও নং ৮৪-আইন/২০১১, তারিখ: ১০ এপ্রিল, ২০১১ দ্বারা সন্নিবেশিত।

(৫) উপরি-উক্ত উপ-বিধিসমূহের বিধান অনুসরণ ব্যতীত কোন নিকাহ্ রেজিস্ট্রার নিকাহ্ রেজিস্ট্রারের দায়িত্ব পালন হইতে বিরত থাকিলে বা অনুপস্থিত থাকিলে উহা এই বিধিমালার লংঘন হিসাবে গণ্য হইবে।

[১][১৮। **যোগদান প্রতিবেদন দাখিল।**–(১) কোন নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স প্রাপ্তির পর দায়িত্বভার গ্রহণের, বা বিধি ১৭ এর অধীন দায়িত্বপালন হইতে বিরত থাকিবার পর দায়িত্ব পুনগ্রহণের সঙ্গে সঙ্গে তিনি যদি–

(ক) সিটি কর্পোরেশন এলাকার নিকাহ্ রেজিস্ট্রার হন, তাহা হইলে সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রারের নিকট ; এবং

(খ) তিনি যদি সিটি কর্পোরেশন এলাকার বহির্ভূত এলাকার নিকাহ্ রেজিস্ট্রার হন, তাহা হইলে সংশ্লিষ্ট সাব-রেজিস্ট্রারের নিকট কার্যে যোগদান করিবেন ;

তবে শর্ত থাকে যে, সাব-রেজিস্ট্রারের নিকট কার্যে যোগদান করিবার ক্ষেত্রে উহার একটি অনুলিপি সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রারের নিকট প্রেরণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কোন নিকাহ্ রেজিস্ট্রার কার্যে যোগদান করিলে সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার বিষয়টি সরকারকে অবহিত করিবেন।]

**১৯। নিকাহ্ রেজিস্ট্রারের দায়িত্ব পালন সরকারী চাকরি নহে।**–নিকাহ্ রেজিস্ট্রারের লাইসেন্স প্রাপ্তি বা নিকাহ্ রেজিস্ট্রারের দায়িত্ব পালন সরকারী চাকরি হিসাবে গণ্য হইবে না।

[১][২০। **চাকরি গ্রহণের ক্ষেত্রে বাধা নিষেধ।**–কোন নিকাহ্ রেজিস্ট্রার তাহাকে যে এলাকার জন্য লাইসেন্স প্রদান করা হইয়াছে, সেই এলাকা বা উক্ত এলাকার সংলগ্ন কোন ওয়ার্ড, পৌরসভা বা ইউনিয়নের কোন মসজিদ অথবা বেসরকারি স্কুল, কলেজ অথবা বেসরকারি মাদ্রাসা ব্যতীত অন্য কোথায়ও চাকরি করিতে পারিবেন না।]

**২১। [১][নিকাহ্ ও তালাক নিবন্ধন ফি, ইত্যাদি।**–(১) একজন নিকাহ্ রেজিস্ট্রার ৪ (চার) লক্ষ টাকা পর্যন্ত দেনমোহরের ক্ষেত্রে প্রতি ১ (এক) হাজার টাকা দেনমোহর বা উহার অংশ বিশেষের জন্য ১২·৫০ (বার টাকা পঞ্চাশ পয়সা) টাকা হারে বিবাহ নিবন্ধন ফি আদায় করিতে পারিবেন, দেনমোহরের পরিমাণ ৪ (চার) লক্ষ টাকার অধিক হইলে তৎপরবর্তী প্রতি ১ (এক) লক্ষ টাকা দেনমোহর বা উহার অংশ বিশেষের জন্য ১০০ (একশত) টাকা বিবাহ নিবন্ধন ফি আদায় করিতে পারিবেন, তবে দেনমোহরের পরিমাণ যাহাই হউক না কেন সর্বনিম্ন ফি ২০০ (দুইশত) টাকার কম হইবে না।

---

[১]এস, আর, ও, নং ৮৪-আইন/২০১১, তারিখ ঃ ১০ এপ্রিল, ২০১১ দ্বারা প্রতিস্থাপিত।

(২) একজন নিকাহ্ রেজিস্ট্রার তালাক নিবন্ধনের জন্য ৫০০ (পাঁচশত) টাকা ফি গ্রহণ করিতে পারিবেন।

(৩) একজন নিকাহ্ রেজিস্ট্রার নকল প্রাপ্তি ফি ৫০ (পঞ্চাশ) টাকা, যাতায়াত বাবদ প্রতি কিলোমিটার ফি ১০ (দশ) টাকা ও তল্লাশি ফি ১০ (দশ) টাকা গ্রহণ করিতে পারিবেন।].

(৪) বিবাহ নিবন্ধনের ফি বর কর্তৃক পরিশোধ করিতে হইবে এবং যে পক্ষের উদ্যোগে তালাক নিবন্ধন করা হইবে সেই পক্ষ কর্তৃক তালাক নিবন্ধনের ফি পরিশোধ করিতে হইবে।

[১][(৪ক) এই বিধির অধীন যাবতীয় ফি নিকাহ্ রেজিস্ট্রারের নিকট পরিশোধ করিতে হইবে এবং বিবাহ নিবন্ধন সংক্রান্ত যাবতীয় ফি নিকাহ্ রেজিস্ট্রার কর্তৃক আদায়ের পর নিকাহ্ রেজিস্ট্রার বিবাহ নিবন্ধন সংশ্লিষ্ট পক্ষকে বিবাহ নিবন্ধনের নিকাহ্নামা প্রদান করিবেন।]

(৫) এই বিধির অধীন নিকাহ্ রেজিস্ট্রার যে ব্যক্তির নিকট হইতে কোন ফি গ্রহণ করিবেন সে ব্যক্তিকে ফরম 'গ' তে প্রযোজ্য রেভিনিউ স্ট্যাম্পে সহিযুক্ত একটি রসিদ প্রদান করিবেন।

(৬) প্রত্যেক নিকাহ্ রেজিস্ট্রারের কার্যালয়সহ, ক্ষেত্রমত, সিটি কর্পোরেশন, উপজেলা পরিষদ, পৌরসভা, ইউনিয়ন পরিষদ এলাকার সংশ্লিষ্ট চেয়ারম্যান, কমিশনার ও কাউন্সিলর এবং সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার বা সাব-রেজিস্ট্রার এর কার্যালয় এর দৃষ্টিগ্রাহ্য স্থানে এই বিধির অধীন প্রদেয় ফি এর একটি তালিকা বিল বোর্ডের মাধ্যমে প্রদর্শন করিতে হইবে।

(৭) প্রত্যেক নিকাহ্ রেজিস্ট্রার এই বিধির অধীন আদায়কৃত ফি হইতে প্রতি অর্থ-বৎসরের জন্য পরবর্তী অর্থ-বৎসরের ১৫ জুলাই এর মধ্যে নিম্নবর্ণিত হারে কোন সরকারী ট্রেজারী বা সাব-ট্রেজারীতে "কোড নং-১-২১৬১-০০০০-১৮৬৮, বিবাহ নিবন্ধন ফি"-খাতে বার্ষিক জমা প্রদান করিয়া জমা প্রদানের চালানের মূল কপি সরকারের নিকট দাখিল করিবে, যথাঃ--

(ক) ঢাকা, চট্টগ্রাম ও সিলেট সিটি কর্পোরেশনের প্রত্যেক ওয়ার্ডের বিপরীতে দশ হাজার টাকা এবং অন্যান্য সিটি কর্পোরেশনের প্রত্যেক ওয়ার্ডের বিপরীতে আট হাজার টাকা ;

(খ) পৌরসভার প্রত্যেক এলাকার বিপরীতে দুই হাজার টাকা ;

(গ) প্রত্যেক ইউনিয়ন পরিষদের বিপরীতে এক হাজার টাকা।

(৮) উপ-বিধি (৭) এর বিধান অনুসারে কোন নিকাহ্ রেজিস্ট্রার বিবাহ নিবন্ধন ফি জমা প্রদান না করিলে উহা এই বিধিমালার লংঘন হিসাবে গণ্য হইবে।

---

[১]এস, আর, ও, নং ৮৪-আইন/২০১১, তারিখ : ১০ এপ্রিল, ২০১১ দ্বারা সংযোজিত।

২২। **নিকাহ্ রেজিস্ট্রি-পূর্ব কার্যক্রম।**—(১) নিকাহ্ রেজিস্ট্রি করিবার পূর্বে নিকাহ্ রেজিস্ট্রার পক্ষদ্বয়ের মধ্যে নিকাহ্ অনুষ্ঠিত হইয়াছে মর্মে সন্তুষ্ট হইবার জন্য সংশ্লিষ্ট পক্ষদ্বয়কে জিজ্ঞাসাবাদ করিবেন অথবা নিকাহ্ অনুষ্ঠানের সময় উপস্থিত ছিলেন এমন দুইজন সাক্ষীকে জিজ্ঞাসাবাদ করিবেন, তবে কনে পর্দানশীল হইলে, তৎপরিবর্তে তাহার পক্ষে দায়িত্বপ্রাপ্ত উকিলকে জিজ্ঞাসাবাদ করিতে হইবে।

(২) নিকাহ্ রেজিস্ট্রার স্বয়ং বিবাহ অনুষ্ঠান সম্পন্ন করিলে, তিনি নিকাহ্ রেজিস্ট্রারের সংশ্লিষ্ট কলামসমূহ পূরণ করিবেন এবং রেজিস্টারে যে সকল ব্যক্তির স্বাক্ষর লাগিবে তাহাদের স্বাক্ষর গ্রহণ করিবেন এবং উহার পর নিজে স্বাক্ষর প্রদান করিয়া সিলমোহরাঙ্কিত করিবেন,তবে নিরক্ষর ব্যক্তির ক্ষেত্রে রেজিস্ট্রারের নির্দিষ্ট স্থানে তাহার বৃদ্ধাঙ্গুলের ছাপ বা টিপসহি গ্রহণ করিতে হইবে এবং একজন সত্যায়নকারী সাক্ষী কর্তৃক তাহার পূর্ণ নাম লিপিবদ্ধ করিতে হইবে।

(৩) নিকাহ্ রেজিস্ট্রার ব্যতীত অন্য কেহ বিবাহ অনুষ্ঠান সম্পন্ন করিলে, উক্ত ব্যক্তি বিবাহের পনের দিনের মধ্যে উক্ত এলাকার নিকাহ্ রেজিস্ট্রারকে বিষয়টি অবহিত করিবেন এবং এইরূপ ক্ষেত্রে যে ব্যক্তি নিকাহ্ পড়াইয়াছেন তিনি নিকাহ্ নিবন্ধনের জন্য রেজিস্ট্রারে যে সকল ব্যক্তির স্বাক্ষর প্রয়োজন তাহাদেরকে সঙ্গে লইয়া সংশ্লিষ্ট নিকাহ্ রেজিস্ট্রারের নিকট হাজির হইবেন।

২৩। **তালাক রেজিস্ট্রি-পূর্ব কার্যক্রম।**—তালাক রেজিস্ট্রি করিবার পূর্বে নিকাহ্ রেজিস্ট্রার এই মর্মে সন্তুষ্ট হইবেন যে, তালাক রেজিস্ট্রির জন্য আগত ব্যক্তি বা ব্যক্তিগণ প্রকৃতপক্ষে তালাক কার্যকরী করিয়াছেন এবং এইরূপ সন্তুষ্টির জন্য উক্ত ব্যক্তি বা ব্যক্তিগণকে জিজ্ঞাসাবাদ করিবেন, তবে উক্তরূপ কোন ব্যক্তি পর্দানশীল মহিলা হইলে, তাহার পক্ষে দায়িত্বপ্রাপ্ত উকিলকে জিজ্ঞাসাবাদ করিতে হইবে।

[১]২৩ক। **নিকাহ্ রেজিস্ট্রি কার্যক্রমের পূর্বে জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন সনদ, ইত্যাদি পরীক্ষাকরণ।**—(১) কোন নিকাহ্ রেজিস্ট্রার বর ও কনের জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদ বা জুনিয়র স্কুল সার্টিফিকেট (জে, এস, সি) বা মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস, এস, সি) বা সমমানের পরীক্ষার সনদপত্র পরীক্ষাপূর্বক বর ও কনের বিবাহের জন্য আইনগত বয়স সম্পর্কে নিশ্চিত না হইয়া কোন বিবাহ নিবন্ধন করিবেন না।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত কাগজপত্র না থাকিলে বর ও কনের বয়স সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য মাতা, পিতা বা আইনগত অভিভাবক প্রদত্ত বয়স সংক্রান্ত হলফনামা দ্বারা বর ও কনের বয়স নির্ধারণপূর্বক বিবাহ নিবন্ধন করিতে হইবে।

(৩) বিবাহ নিবন্ধনের সময় বর, কনে বা অন্য কোন ব্যক্তি মিথ্যা তথ্য দিলে এবং উক্ত তথ্যের ভিত্তিতে কোন বিবাহ নিবন্ধন করা হইলে তজ্জন্য কোন নিকাহ্ রেজিস্ট্রার দায়ী হইবে না।

(৪) উপ-ধারা (১) বা (২) দ্বারা বর ও কনের বয়স সম্পর্কে নিশ্চিত হওয়া সংক্রান্ত কাগজপত্র সংশ্লিষ্ট নিকাহ্ রেজিস্ট্রারকে সংরক্ষণ করিতে হইবে।]

---

[১]এস, আর, ও. নং ৮৪-আইন/২০১১, তারিখ : ১০ এপ্রিল, ২০১১ দ্বারা "বিধি ২৩ক" সন্নিবেশিত।

২৪। **বিবাহ নিবন্ধন প্রত্যাখানের বিরুদ্ধে আপীল**।–বিবাহ নিবন্ধন করিবার কোন অনুরোধ নিকাহ্ রেজিস্ট্রার প্রত্যাখান করিলে, সংশ্লিষ্ট ব্যক্তি উক্ত প্রত্যাখানের ত্রিশ দিনের মধ্যে জেলা রেজিস্ট্রারের নিকট আপীল পেশ করিতে পারিবেন এবং এই আপীল সম্পর্কে জেলা রেজিস্ট্রারের আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

২৫। **নিবন্ধনের স্থান**।–বিবাহ ও তালাক যে স্থানে সম্পন্ন হইয়াছে, উক্ত স্থানে যে নিকাহ্ রেজিস্ট্রারের এলাকাভুক্ত সেই নিকাহ্ রেজিস্ট্রার কর্তৃক প্রতিটি বিবাহ বা তালাক নিবন্ধন করিতে হইবে।

২৬। **বিবাহে উপস্থিতি লিপিবদ্ধকরণ**।–নিকাহ্ রেজিস্ট্রার কোন বিবাহ অনুষ্ঠানে উপস্থিত থাকিলে, তাহার উপস্থিতির বিষয় নিকাহ্ রেজিস্ট্রারে লিপিবদ্ধ করিতে হইবে।

২৭। **নিকাহ্ রেজিস্ট্রার কর্তৃক রেজিস্টার সংরক্ষণ**।–(১) প্রত্যেক নিকাহ্ রেজিস্ট্রার বিবাহ বা তালাকের জন্য নিম্নবর্ণিত রেজিস্ট্রারসমূহ সংরক্ষণ করিবেন ঃ–

(ক) বিবাহ রেজিস্টার (ফরম 'ঘ' অনুযায়ী) ;

(খ) স্বামী কর্তৃক প্রদত্ত তালাকের রেজিস্টার (ফরম 'ঙ' অনুযায়ী) ;

(গ) 'খোলা' ধরনের তালাকের রেজিস্টার (ফরম 'চ' অনুযায়ী) ;

(ঘ) তালাক-ই-তফউইজ ধরনের তালাকের রেজিস্টার (ফরম 'ছ' অনুযায়ী) ;

(ঙ) ফি বহির রেজিস্টার।

(২) প্রত্যেক নিকাহ্ রেজিস্ট্রার পরিদর্শন ও নকলের জন্য ফরম 'জ' তে একটি দরখাস্তের রেজিস্টার সংরক্ষণ করিবেন।

(৩) নিকাহ্ রেজিস্টারগণ যথাযথ রেজিস্টারে বিবাহ বা তালাক নিবন্ধন করিবেন এবং রেজিস্টারে এক বৎসরে মধ্যে শুরু এবং শেষ হওয়া প্রত্যেকটি ভুক্তির ধারাবাহিক সংখ্যা প্রদান করিতে হইবে যাহা প্রত্যেক বৎসরের প্রারম্ভেই নূতন সিরিয়াল নম্বর প্রদানের মাধ্যমে শুরু করিতে হইবে।

২৮। **রেজিস্টারের ভুক্তিসমূহ বাতিলকরণ**।–বিবাহ বা তালাক সংশ্লিষ্ট পক্ষসমূহ রেজিস্টারে স্বাক্ষর বা টিপসহি প্রদান না করিলে অথবা করিতে অস্বীকৃতি জ্ঞাপন করিলে নিকাহ্ রেজিস্ট্রার সংশ্লিষ্ট বিবাহ বা তালাক সম্পর্কে রেজিস্টারে যাহা কিছু অন্তর্ভুক্ত করিয়াছেন উহা, কারণ লিপিবদ্ধপূর্বক, বাতিল করিয়া নিজের স্বাক্ষর প্রদান করিবেন এবং পক্ষসমূহ কোন ফি প্রদান করিয়া থাকিলে উহা ফেরত প্রদান করিবেন।

২৯। সূচিবহি (Indexbook)।—(১) প্রত্যেক নিকাহ্ রেজিস্টার ফরম 'ঝ' তে একটি সূচিবহি সংরক্ষণ করিবেন।

(২) বিধি ২৭ এর অধীনে সংরক্ষিত রেজিস্ট্রারে কোন কিছু অন্তর্ভুক্ত করিবার সঙ্গে সঙ্গে নিকাহ্ রেজিস্টার সূচিবহিতে উহা অন্তর্ভুক্ত করিবেন।

৩০। ক্যাটালগ।—প্রত্যেক নিকাহ্ রেজিস্ট্রারের অফিসে ফরম 'ঞ' তে একটি ক্যাটালগ স্থায়ীভাবে রক্ষিত হইবে এবং রেকর্ডপত্র স্থানান্তরের সময় রেকর্ড গ্রহণের দায়িত্বপ্রাপ্ত অফিসার উহা ক্যাটালগের সহিত মিলাইয়া দেখিয়া উহার যথার্থতা প্রত্যয়ন করিবেন, তবে যখনই কোন রেকর্ড জেলা অফিসে স্থানান্তর করা হইবে তখনই তারিখ উল্লেখপূর্বক বিষয়টি মন্তব্য কলামে লিখিয়া রাখিতে হইবে।

৩১। রেজিস্টার, ইত্যাদি প্রাপ্তি।—(১) নিকাহ্ রেজিস্টারগণ, সরকার নির্ধারিত মূল্য পরিশোধ সাপেক্ষে, সরকারের নিকট হইতে এই বিধিমালা দ্বারা নির্ধারিত যাবতীয় রেজিস্টার, ফরম বা বইপত্র চাহিদা মোতাবেক পাইবেন।

(২) প্রত্যেক নিকাহ্ রেজিস্ট্রারগণ প্রতি বৎসর ১৫ই জুলাইয়ের মধ্যে তাহাদের প্রার্থিত রেজিস্টার, ফরম বা বইপত্রের মূল্য স্থানীয় ট্রেজারীতে জমা দিয়া উহার চালানের কপিসহ একটি চাহিদাপত্র সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার [1]\[* * *\] এর মাধ্যমে মহা-পরিদর্শক, নিবন্ধন এর নিকট প্রেরণ করিবেন।

৩২। সীল, রেজিস্টার, ইত্যাদির হেফাজত।—নিকাহ্ রেজিস্ট্রারের অফিসের সীলমোহর, নিকাহ্ রেজিস্ট্রার তাহার ব্যক্তিগত হেফাজতে রাখিবেন এবং তাহার দায়িত্ব সমাপ্ত হইলে তিনি তাহার স্থলে দায়িত্ব পালনের জন্য নূতন লাইসেন্সপ্রাপ্ত নিকাহ্ রেজিস্ট্রারের নিকট রেকর্ডপত্রসহ উহা হস্তান্তর করিবেন।

৩৩। অব্যবহৃত ফরম ও রেজিস্টার, ইত্যাদি।—বিধি ১৫ এর অধীন নিকাহ্ রেজিস্ট্রারের দায়িত্ব পালন হইতে অব্যাহতি গ্রহণ বা বিধি ১১ এর অধীন নিকাহ্ রেজিস্ট্রারের লাইসেন্স বাতিলের পর, কোন নিকাহ্ রেজিস্ট্রার অফিস ত্যাগ করিবার সময় কোন অব্যবহৃত ফরম, রেজিস্টার বা অফিসের অন্য কোন জিনিসপত্র লইয়া যাইতে পারিবেন না, তবে তিনি তাহার উত্তরাধিকারীর নিকট হইতে উহার প্রকৃত মূল্য আদায় করিতে পারিবেন।

৩৪। রেজিস্টারের সমাপ্তির সার্টিফিকেট।—কোন রেজিস্ট্রার সমাপ্ত করিবার সময় উহার সর্বশেষ লিখিত পৃষ্ঠার সমাপ্তি অংশে উক্ত মর্মে একটি সার্টিফিকেট সংযুক্ত করিতে হইবে, এবং নূতন রেজিস্টার খুলিবার সময় উহার প্রথম পৃষ্ঠায় পূর্বের ব্যবহৃত পৃষ্ঠা সংখ্যা লিপিবদ্ধ করিতে হইবে।

---

[1]এস. আর. ও. নং ৮৪-আইন/২০১১, তারিখঃ ১০ এপ্রিল, ২০১১ দ্বারা "বা সাব-রেজিস্ট্রার" শব্দগুলি বিলুপ্ত।

**৩৫। রেজিস্টার, ইত্যাদির সংরক্ষণ।**–নিকাহ্ রেজিস্টার, তালাক রেজিস্টার এবং সূচিবহি স্থায়ীভাবে সংরক্ষণ করিতে হইবে।

**৩৬। নিকাহ্ রেজিস্ট্রার কল্যাণ সমিতি।**–নিকাহ্ রেজিস্ট্রারগণ বিভিন্ন স্তরে তাহাদের কল্যাণ সমিতি গঠন করিতে পারিবেন।

**৩৭। নিকাহ্ রেজিস্ট্রারগণের প্রশিক্ষণ।**–(১) নিকাহ্ রেজিস্ট্রারগণের জন্য সময় সময় প্রশিক্ষণের ব্যবস্থা করিতে হইবে।

(২) এই বিধির অধীন প্রশিক্ষণ ব্যয় সরকার কর্তৃক নির্বাহ করা হইবে।

**৩৮। নিকাহ্ ও তালাকের উপাত্ত সংগ্রহ।**–(১) প্রত্যেক নিকাহ্ রেজিস্ট্রার প্রতিবৎসর ৩১শে জানুয়ারির মধ্যে সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার [১][* * *] এর নিকট তৎকর্তৃক পূর্ববর্তী বৎসর যে সকল বিবাহ ও তালাক নিবন্ধন করা হইয়াছে তাহার তালিকা প্রদর্শন করিয়া একটি প্রতিবেদন দাখিল করিবেন।

(২) রেজিস্ট্রার ঐ সকল প্রতিবেদন প্রাপ্তির পর তাহার জেলায় অনুষ্ঠিত বিবাহ্ ও তালাকের সকল তালিকা একত্র করিবেন এবং ২৮ ফেব্রুয়ারির মধ্যে সংকলিত তালিকার একটি প্রতিবেদন মহা-পরিদর্শক, নিবন্ধন এর নিকট দাখিল করিবেন এবং উহার একটি কপি ডেপুটি কমিশনারের নিকট প্রেরণ করিবেন।

(৩) মহা-পরিদর্শক, নিবন্ধন বিবাহ ও তালাকের একটি বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করিবেন এবং প্রতি বৎসর ৩১শে মার্চের মধ্যে সরকারের নিকট দাখিল করিবেন।

**৩৯। পরিদর্শন ও নিয়ন্ত্রণ।**–(১) প্রত্যেক নিকাহ্ রেজিস্ট্রার, সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার [১][* * *] এর তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণে তাহার দায়িত্ব পালন করিবেন।

(২) সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার [১][* * *] প্রতি বৎসর কমপক্ষে [১][একবার] প্রত্যেক নিকাহ্ রেজিস্ট্রারের অফিস পরিদর্শন করিবেন।

(৩) সকল নিকাহ্ রেজিস্ট্রারের অফিসের উপর মহা-পরিদর্শক, নিবন্ধন এর সার্বিক তত্ত্বাবধান থাকিবে।

**৪০। অসুবিধা দূরীকরণ।**–এই বিধিমালায় কোন বিধান প্রয়োগে কোন অসুবিধা দেখা দিলে সরকার, উক্ত বিধানের স্পষ্টীকরণ বা ব্যাখ্যা প্রদান করতঃ করণীয় বিষয়ে দিক নির্দেশনা দিতে পারিবে।

**৪১। রহিতকরণ ও হেফাজত।**–(১) Muslim Marriages and Divorces (Registration) Rules. 1975, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত Rules এর অধীন গৃহীত যে কোন কার্যক্রম এমনভাবে অব্যাহত থাকিবে যেন উক্ত কার্যক্রম এই বিধিমালার অধীন সূচিত হইয়াছে।

---

[১]এস. আর. ও. নং ৮৪-আইন/২০১১, তারিখঃ ১০ এপ্রিল, ২০১১ ধারা বা "সাব-রেজিস্ট্রার" শব্দগুলি বিলুপ্ত এবং "দুইবার" শব্দটির পরিবর্তে "একবার" শব্দটি প্রতিস্থাপিত।

## তফসিল

### ফরম 'ক'

[বিধি ৯ দ্রষ্টব্য]

### নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্সের জন্য দরখাস্ত

১। প্রার্থীর নাম ঃ.................................................................................

২। পূর্ণ ঠিকানা ঃ.................................................................................

(ক) স্থায়ী ঃ.................................................................................

(খ) বর্তমান ঃ.................................................................................

৩। প্রার্থীর জন্ম তারিখ ঃ.................................................................................

৪। প্রার্থীর পেশা বা চাকরি এবং বর্তমান বেতন বা অবসর ভাতার পরিমাণ (যদি থাকে) এর বিবরণ ঃ.................................................................................

৫। প্রার্থীর পিতা ও মাতার নাম, পেশা ও ঠিকানা ঃ.................................................................................

৬। প্রার্থীর পরিবারের বর্তমান ঠিকানা ঃ.................................................................................

৭। অফিস হিসাবে ব্যবহারের জন্য প্রার্থীর কোন বৈঠকঘর, অফিস বা কার্যালয় আছে কি না ঃ......

৮। প্রার্থী ইতিপূর্বে সরকারী চাকরি করিয়া থাকিলে ঐ চাকরির বিস্তারিত বিবরণ এবং কখনও কোন চাকরি হইতে বরখাস্ত হইয়া থাকিলে তৎসংক্রান্ত বিবরণ ঃ.................................................................................

৯। যাহাদের নিকট হইতে চারিত্রিক সনদপত্র সংগ্রহ করিয়া দরখাস্তের সহিত পেশ করা হইয়াছে তাহাদের নাম ও ঠিকানা ঃ.................................................................................

১০। আরবী, বাংলা ও মুসলিম আইনে প্রার্থীর জ্ঞান আছে কি না ঃ.................................................................................

১১। প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (পাসের সন, পরীক্ষার ফলাফল, কোন সরকারী বা বেসরকারী মাদ্রাসা হইতে সার্টিফিকেট প্রাপ্ত উহার উল্লেখসহ) এবং শিক্ষাগত যোগ্যতায় বর্ণিত সকল পরীক্ষার সনদের সত্যায়িত কপি ঃ.................................................................................

আবেদনকারীর স্বাক্ষর

তারিখ.....................

<u>বিশেষ দ্রষ্টব্য</u> ঃ দরখাস্তে/আবেদনে উল্লিখিত যে কোন ঠিকানা পরিবর্তনের সাথে সাথে সরকার এবং উপদেষ্টা কমিটির সদস্য-সচিবকে অবশ্যই অবহিত করিতে হইবে।

## ফরম 'খ'

## নিকাহ্ রেজিস্ট্রারের লাইসেন্স

[বিধি ৬(৯) এবং ১০ দ্রষ্টব্য]

প্রতি তারিখ..........................।

.....................................

.....................................

১। মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সালের ৫২ নং আইন) এর ৪ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে...............জেলার...............এলাকায় বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ বা তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করা হইল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৫ বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

ফরম 'খ'

ফি প্রাপ্তির রসিদ

[বিধি ২১(৫) দ্রষ্টব্য]

নিকাহ্ রেজিস্ট্রারের কার্যালয়

ক্রমিক নং-

তারিখ-

..........................

ইউনিয়ন/ওয়ার্ড........................................থানা........................................জেলা........................

ফি/ভাতা প্রাপ্তির রসিদ

জনাব/বেগম........................................পিতা/স্বামী........................................

গ্রাম/বাড়ী ও সড়ক নং........................................ডাকঘর........................................

থানা........................................জেলা........................................এর নিকট হইতে নিম্নবর্ণিত

কাজের জন্য ফি বাবদ টাকা....................(........................................টাকা) গৃহীত হইল।

| কাজের বিবরণ | টাকা |
|---|---|
| ১। নিকাহ্ রেজিস্ট্রেশন (জনাব........................এর সহিত বেগম........................এর) | |
| ২। তালাক রেজিস্ট্রেশন (জনাব........................ও বেগম........................এর মধ্যে) | |
| ৩। নিকাহ্নামা/তালাকনামা সার্টিফাইড অনুলিপি | |
| ৪। রেজিস্টার পরিদর্শন | |

মোট

কথায়

স্বাক্ষর

সীলমোহর

ফরম 'ঘ'

[বিধি ২৭(১)(ক) দ্রষ্টব্য]

## মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ২৮ (১) (ক) অনুযায়ী বিবাহ রেজিস্টারী বহি

১। ওয়ার্ড, শহর, ইউনিয়ন, তহসিল, থানা ও জেলার নাম যেখানে বিবাহ কার্য নিষ্পন্ন হইয়াছে ঃ.......................................................................................................................

২। নিজ নিজ বাসস্থানসহ বর ও তাহার পিতা এবং মাতার নাম ঃ.......................................................................................................................

[1][৩। জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্র/জুনিয়র স্কুল সার্টিফিকেট (জে. এস. সি) বা মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস. এস. সি) বা সমমানের পরীক্ষার সনদপত্র/মাতা, পিতা বা আইনগত অভিভাবক প্রদত্ত বয়স সংক্রান্ত হলফনামা অনুযায়ী বরের বয়স..........................]

৪। নিজ নিজ বাসস্থানসহ কন্যা ও তাহার পিতা এবং মাতার নাম ঃ.......................................................................................................................

৫। কন্যা কুমারী, বিধবা অথবা তালাকপ্রাপ্ত নারী কি না ?.......................................................

[2][৬। জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্র/জুনিয়র স্কুল সার্টিফিকেট (জে. এস. সি) বা মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস. এস. সি) বা সমমানের পরীক্ষার সনদপত্র/মাতা, পিতা বা আইনগত অভিভাবক প্রদত্ত বয়স সংক্রান্ত হলফনামা অনুযায়ী কন্যার বয়স..........................]

৭। কন্যা কর্তৃক উকিল নিযুক্ত হইলে ঐ উকিলের নাম এবং তাহার পিতা ও মাতার নামসহ বাসস্থানের ঠিকানা ঃ.......................................................................................................................

৮। পিতার নাম, বাসস্থান ও কন্যার সহিত সম্পর্কের বর্ণনাসহ কন্যার উকিল নিয়োগের ব্যাপারে সাক্ষীদের নাম ঃ—

(১)..............................................................

(২)..............................................................

৯। বর কর্তৃক উকিল নিযুক্ত হইলে ঐ উকিলের নাম এবং তাহার পিতা ও মাতার নামসহ বাসস্থানের ঠিকানা ঃ..........................................................................................

[1]এস. আর. ও. নং ৮৪-আইন/২০১১, তারিখঃ ১০ এপ্রিল, ২০১১ দ্বারা প্রতিস্থাপিত।
[2]এস. আর. ও. নং ৮৪-আইন/২০১১, তারিখঃ ১০ এপ্রিল, ২০১১ দ্বারা প্রতিস্থাপিত।

১০। পিতা এবং মাতার নাম ও বাসস্থানসহ বরের উকিল নিয়োগের ব্যাপারে সাক্ষীদের নাম ঃ–

(১)........................................................................................................................

(২)........................................................................................................................

১১। বিবাহের সাক্ষীদের নাম, তাহাদের পিতা এবং মাতার নাম ও বাসস্থানের ঠিকানা ঃ–

(১)........................................................................................................................

(২)........................................................................................................................

১২। যে তারিখে বিবাহের কথাবার্তা ঠিক হইয়াছিল সেই তারিখ ঃ..........................................

১৩। দেন মোহরের পরিমাণ ঃ..........................................................................................

১৪। দেন মোহরের কি পরিমাণ মুয়াজ্জল এবং কি পরিমাণ মু'অজ্জল ঃ...................................

১৫। বিবাহের সময় দেন মোহরের কোন অংশ পরিশোধ করা হইয়াছে কি না ? যদি হইয়া থাকে তবে উহার পরিমাণ কত ?...................................................................................................

১৬। বিশেষ বিবরণ ও পক্ষগণের মধ্যে চুক্তিসূত্রে নির্ণীত মূল্যসহ কোন সম্পত্তি সম্পূর্ণ দেন মোহর বা উহার অংশ বিশেষের পরিবর্তে প্রদত্ত হইয়াছে কি না ?..................................................

১৭। বিশেষ শর্তাদি থাকিলে তাহা...................................................................................

১৮। স্বামী স্ত্রীকে তালাক প্রদানের ক্ষমতা অর্পণ করিয়াছে কি না ? করিয়া থাকিলে কি কি শর্তে ?.....

১৯। স্বামীর তালাক প্রদানের অধিকার কোন প্রকারে খর্ব হইয়াছে কি না ?.................................

২০। বিবাহের সময় দেন মোহর, খোরপোষ ইত্যাদি সম্পর্কে কোন দলিল করা হইয়াছে কি না ? যদি হইয়া থাকে উহার সংক্ষিপ্ত বিবরণ ঃ..........................................................................

২১। বরের কোন স্ত্রী বর্তমানে আছে কি না এবং থাকিলে অন্য বিবাহে আবদ্ধ হইবার জন্য বর ১৯৬১ সালের মুসলিম-পারিবারিক আইন অধ্যাদেশ মোতাবেক সালিসী কাউন্সিলের অনুমতি লইয়াছে কি না ?...........................................................................................................

২২। অন্য বিবাহে আবদ্ধ হইবার জন্য সালিসী কাউন্সিলের নিকট হইতে বরের নিকট প্রেরিত অনুমতি পত্রের নম্বর ও তারিখ ঃ.................................................................................

২৩। যে ব্যক্তির দ্বারা বিবাহ পড়ান হইয়াছে তাহার নাম ও তাহার পিতা এবং মাতার নাম ঃ...........

২৪। বিবাহ রেজিস্ট্রী করার তারিখ ঃ...........

২৫। পরিশোধিত রেজিস্ট্রী ফিস ঃ........../= টাকা (কথায়..........টাকা)

| | | |
|---|---|---|
| ........................ | ........................ | ........................ |
| বরের স্বাক্ষর | বরের উকিলের স্বাক্ষর | বরের উকিল নিয়োগের ব্যাপারে সাক্ষীর স্বাক্ষর |
| ........................ | ........................ | ........................ |
| কন্যার স্বাক্ষর | কন্যার উকিলের স্বাক্ষর | কন্যার উকিল নিয়োগের ব্যাপারে সাক্ষীর স্বাক্ষর |
| ........................ | ........................ | ........................ |
| বিবাহের সাক্ষীর স্বাক্ষর | নিকাহ্ রেজিস্ট্রারের স্বাক্ষর ও সীল | যে ব্যক্তির দ্বারা বিবাহ পড়ানো হইয়াছে তাহার স্বাক্ষর। |

(১)..........................................

(২)..........................................

সীল

ফরম 'ছ'

[বিধি ২৭(১)(খ) দ্রষ্টব্য]

মুসলিম বিবাহ্ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ২৭(১)(খ) অনুযায়ী স্বামী কর্তৃক প্রদত্ত তালাক রেজিস্ট্রারী বহি



| ক্রমিক নম্বর | স্বামীর ও তাহার পিতা এবং মাতার নাম ও তাহাদের সাকিন | স্ত্রীর ও তাহার পিতা এবং মাতার নাম ও তাহাদের সাকিন | তালাকের তারিখ ইংরেজী পঞ্জিকা হিসাব মতে ও জেলায় যে সন চলিত আছে সেই সন ধরিয়া তারিখ লিখিতে হইবে | কোন প্রকার তালাক | তালাক যে প্রকারে দেওয়া গেল | যে জেলার ও পুলিশের যে থানার এলাকায় ও যে গ্রামে কি নগরে তালাক হয় তাহার নাম | যে ব্যক্তির দ্বারে তালাক দেওয়া হয়, তাহার নাম ও তাহার পিতা এবং মাতার নাম | তালাকের সাক্ষী থাকিলে তাহাদের নাম ও তাহাদের পিতা এবং মাতার নাম ও তাহাদের সাকিন | নিকাহ্ রেজিস্ট্রারের সম্মুখে যে ব্যক্তি স্বামীকে সনাক্ত করিল তাহার পিতা এবং মাতার নাম ও তাহাদের সাকিন | রেজিস্টারী করিবার তারিখ ইংরেজী ও পঞ্জিকা হিসাবের লিখিতে হইবে |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | | | | | | | |

যে ব্যক্তি তালাক দেয় তাহার দস্তখত.......................................

শিয়া হইলে তালাক সংক্রান্ত সাক্ষীগণের দস্তখত.......................

যে ব্যক্তি তালাক দেয় তাহাকে যে সনাক্ত করে তাহার দস্তখত...................

নিকাহ্ রেজিস্ট্রার.......................................................

ফরম 'চ'

[বিধি ২৭(১)(গ) দ্রষ্টব্য]

মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ২৭(১)(গ) অনুযায়ী "খোলা" ধরনের তালাকের রেজিস্ট্রারী বহি

| ক্রমিক নম্বর | স্বামীর ও তাহার পিতা এবং মাতার নাম ও তাহাদের সাকিন | স্ত্রীর ও তাহার পিতা এবং মাতার নাম ও তাহাদের সাকিন | খোলার তারিখ ইংরেজী পঞ্জিকা হিসাব মতে ও জেলায় যে সন চলিত আছে সেই সন ধরিয়া তারিখ লিখিতে হইবে | মহরানা | স্ত্রী নিজে নিকাহ্ রেজিস্ট্রারের সম্মুখে খোলা কবুল করিল কিনা | স্ত্রী খোলা কবুল করিলে, নিকাহ্ রেজিস্ট্রারের সম্মুখে যে ব্যক্তি স্ত্রীকে সনাক্ত করিল তাহার নাম ও তাহার পিতা এবং মাতার নাম ও তাহাদের সাকিন ও ঐ স্ত্রীর সঙ্গে তাহার কোন রেশতা থাকিলে তাহা কি | নিকাহ্ রেজিস্ট্রারের সম্মুখে স্ত্রীর উকিল খোলা কবুল করিলে উকিলের ও তাহার পিতা এবং মাতার নাম ও তাহাদের সাকিন ও স্ত্রীর সঙ্গে তাহার কোন রেশতা থাকিলে তাহা কি | স্ত্রীর উকিলকে আবেদনমতে এখতিয়ার দেওয়ার দুই জন সাক্ষীর নাম ও তাহাদের পিতা এবং মাতার নাম ও সাকিন | খোলা যে জেলায় ও পুলিশের যে থানার এলাকায় ও যে গ্রামে কি শহরে হয় তাহার নাম | যে ব্যক্তির দ্বারা খোলা হয় তাহার নাম, তাহার পিতা এবং মাতার নাম ও সাকিন | খোলা যে হইয়াছে এই বিষয়ে সাক্ষী ব্যক্তির তাহার নাম ও তাহার পিতা এবং মাতার নাম ও সাকিন | যে ব্যক্তি স্বামীকে সনাক্ত করে তাহার নাম ও তাহার পিতা এবং মাতার নাম ও সাকিন | রেজিস্টারী করিবার তারিখ (ইংরেজীর পঞ্জিকা হিসাবমতে লিখিত হইবে) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| | | | | | | | | | | | | | |

স্বামীর দস্তখত........................স্বামীকে যে ব্যক্তি সনাক্ত করে তাঁহার দস্তখত........................স্ত্রীর পক্ষের উকিলের দস্তখত........................

স্ত্রীর দস্তখত........................স্ত্রীকে যে ব্যক্তি সনাক্ত করে তাঁহার দস্তখত........................স্ত্রীর পক্ষের উকিলের আবেদনমতে........................

এখতিয়ার পাইবার সাক্ষীগণের দস্তখত..................

*স্ত্রীর উকিল যদি না থাকে তবে
৮, ৯-এর ঘর খালি থাকিবে।

শিয়া হইলে তালাক........................................
সংক্রান্ত সাক্ষীগণের........................................
দস্তখত

নিকাহ্ রেজিস্ট্রার........................

ফরম 'ছ'

[বিধি ২৭(১)(ঘ) দ্রষ্টব্য]

মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ২৭(১)(ঘ) অনুযায়ী তালাকে-তফউইজ রকমের তালাকের রেজিস্ট্রারী বহি

| ক্রমিক নম্বর | স্বামীর ও তাহার পিতা এবং মাতার নাম এবং তাহাদের সাকিন | স্ত্রীর ও তাহার পিতা এবং মাতার নাম এবং তাহাদের সাকিন | নিকাহ্ রেজিস্ট্রারের সম্মুখে যে ব্যক্তি স্ত্রীকে সনাক্ত করেন, তাহার ও তাহার পিতা এবং মাতার নাম এবং তাহাদের সাকিন, উক্ত স্ত্রী লোকের সহিত তাহার কোন আত্মীয়তা থাকিলে তাহার বিবরণ | স্বামীকে তালাক দিবার ক্ষমতা স্ত্রীকে অর্পণ করা হইয়াছে ইহা প্রমাণের জন্য যে সকল দলিল উপস্থিত করা হয় তাহাদের বিবরণ | তালাকে তফউইজের তারিখ (ইংরেজী পঞ্জির হিসাবমত ও জেলায় যে সন প্রচলিত তদনুসারে তারিখ লিখিত হইবে) | মহরানা | যে গ্রামে ও শহরে থানার এলাকায় ও জেলায় তালাকে-তফউইজ হয় তাহার নাম | যে ব্যক্তি দ্বারা তালাকে-তফউইজ হয় তাহার নাম ও তাহার পিতা এবং মাতার নাম | তালাকের সাক্ষী থাকিলে তাহার নাম ও তাহাদের পিতা এবং মাতার নাম এবং তাহাদের সাকিন | রেজিস্ট্রী করিবার তারিখ (ইংরেজী পঞ্জির হিসাবমতে লিখিত হইবে) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | | | | | | | |

যে স্ত্রীলোক তালাক দিয়াছেন তাঁহাকে যিনি সনাক্ত করে তাঁহার দস্তখত................................স্ত্রীলোক শিয়া হইলে তালাকের সাক্ষীদ্বয়ের দস্তখত............

যে স্ত্রীলোক তালাক দিয়াছেন তাঁহার দস্তখত..............................................................................

নিকাহ্ রেজিস্ট্রারের দস্তখত

.......................................

## ফরম 'ঞ'

### পরিদর্শন ও নকলের জন্য দরখাস্তের রেজিস্টার সংরক্ষণ ফরম

[বিধি ২৭(২) দ্রষ্টব্য]

মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ২৭(২) অনুযায়ী পরিদর্শন ও নকলের দরখাস্তের রেজিস্ট্রারী বহি

<table>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td colspan="4">৬</td><td>৭</td><td>৮</td><td>৯</td><td>১০</td><td>১১</td></tr>
<tr><td rowspan="3">দরখাস্তের ক্রমিক নম্বর</td><td rowspan="3">দরখাস্তের তারিখ</td><td rowspan="3">দরখাস্তকারীর নাম, তাহার পিতা এবং মাতার নাম ও ঠিকানা</td><td rowspan="3">প্রকার (বিবাহ খোলা, বা তালাক) উহার নম্বর ও সন</td><td rowspan="3">অনুসন্ধানের বা রেজিস্ট্রারী তল্লাশের বা নকলের জন্য</td><td colspan="4">আদায় অফিস</td><td rowspan="3">আদায়ের তারিখ</td><td rowspan="3">অনুসন্ধানের তারিখ</td><td rowspan="3">নকল দিবার তারিখ</td><td rowspan="3">নকল গৃহীত ব্যক্তির স্বাক্ষর</td><td rowspan="3">মন্তব্য</td></tr>
<tr><td colspan="2">অনুসন্ধান</td><td colspan="2">নকল</td></tr>
<tr><td>টাকা</td><td>পয়সা</td><td>টাকা</td><td>পয়সা</td></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>

ফরম 'খ'

সূচিবহি (Indexbook)

[বিধি ২৯(১) দ্রষ্টব্য]

মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ২৯(১) অনুযায়ী মুসলমানদিগের বিবাহ কি ও তালাকের সূচিবহি (Indexbook) রেজিস্ট্রারী বহি

| যাহারা বিবাহ করে কি তালাক দেয় তাহাদের উভয় পক্ষের নাম | পিতা ও মাতার নাম | সাকিন, গ্রাম বা শহর, থানা ও জেলার নাম | যে স্থানে রেজিস্টারী হয় | যে তারিখে রেজিস্টারী হয় | সালের ক্রমিক নং | বহি | বালাম | পৃষ্ঠা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |

ফরম 'ঞ'

ক্যাটালগ ফরম (Form of Catalogue)

[বিধি ৩০ দ্রষ্টব্য]

মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ৩০ অনুযায়ী ক্যাটালগ ফরম (Form of Catalogue)

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং (Serial No) | পুস্তকের সহিত সংশ্লিষ্ট জেলা (District to which the book relate) | বৎসর (Year) | পুস্তকের শিরোনাম (Title of Book) | রেজিস্টার (Volume) | প্রতি রেজিস্টারের অন্তর্ভুক্তির সংখ্যা (No. of entries in each volume) | লিখিত পৃষ্ঠার সংখ্যা (No. of written page) | মন্তব্য (Remark) |
| | | | | | | | |



ক্রমিক নং.....................

গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস—কম্পিউটার শাখা—১৬১০/২০১০-২০১১/(দঃ)/—২৩-০৩-২০১২ ইং— ৪,০০০ বই।